গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Government Performance Monitoring System (GPMS)

জেলা প্রশাসন, নীলফামারী।

CamScanner

## সেকশন ১

## ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা

**ভিশন:**

জনসেবায় জেলা প্রশাসন।

**মিশন:**

দক্ষতা, সততা, নিরপেক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিত করে প্রযুক্তি নির্ভর, জনবান্ধব ও স্বচ্ছ প্রশাসনিক সেবা প্রদানই মূল লক্ষ্য। আইনের শাসন, সুশাসন ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার মাধ্যমে নীলফামারী জেলার সার্বিক উন্নয়ন সাধন এবংরাষ্ট্র, সরকার ও জনগণের মধ্যে কার্যকর সেতুবন্ধন গড়ে তোলা এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য। কৃষির আধুনিকায়ন, মানসম্মত শিক্ষা, উন্নত স্বাস্থ্যসেবা ও সহজপ্রাপ্য নাগরিক সেবা নিশ্চিত করার মাধ্যমে জেলার প্রতিটি নাগরিকের জীবনমান উন্নয়ন, টেকসই অগ্রগতি এবং সমৃদ্ধ ভবিষ্যৎ নিশ্চিত করা।

### ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনার ছক

| ক্রমিক নং | পরিকল্পনা | | অর্থবছর ভিত্তিক পরিকল্পনা | | |
|---|---|---|---|---|---|
| | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ০১ | সরকারি জমি, নদী, খাল, প্রাকৃতিক জলাশয় রক্ষায় পদক্ষেপ গ্রহণ কার্যক্রমের আওতায় অভিযান পরিচালনা | | ৩০ টি অভিযান পরিচালনা | ৪০ টি অভিযান পরিচালনা | ৫০ টি অভিযান পরিচালনা |
| ০২ | উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন তদারকি | | ১০০% সুপারিশ বাস্তবায়ন | ১০০% সুপারিশ বাস্তবায়ন | ১০০% সুপারিশ বাস্তবায়ন |
| ০৩ | যথাসময়ে ভূমি সেবা নিশ্চিত করণ | (১)ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইনে দায়েরকৃত মামলা নিষ্পত্তি | ৬০% মামলা নিষ্পত্তি | ৭০% মামলা নিষ্পত্তি | ৮০% মামলা নিষ্পত্তি |
| | | (২)অর্পিত সম্পত্তির লিজ নবায়ন | ৮০% অর্পিত সম্পত্তির লিজ নবায়ন | ৮৫% অর্পিত সম্পত্তির লিজ নবায়ন | ৯০% অর্পিত সম্পত্তির লিজ নবায়ন |
| | | (৩)১৯৪৮ ও ১৯৮২ সালের আইন অনুযায়ী বিলম্বিত ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তি | ৭০% মামলা নিষ্পত্তি | ২০% মামলা নিষ্পত্তি | অবশিষ্ট ১০% মামলা নিষ্পত্তি |
| | | (৪)নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তি পরিবীক্ষণ ও মিস কেস নিষ্পত্তি পরিবীক্ষণ | ১০০% মামলা সময়মতো নিষ্পত্তি | ১০০% মামলা সময়মতো নিষ্পত্তি | ১০০% মামলা সময়মতো নিষ্পত্তি |
| | | (৫)নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে পর্চা সরবরাহ | ১০০% আবেদন নির্ধারিত সময়ের সরবরাহ। | ১০০% আবেদন নির্ধারিত সময়ের সরবরাহ। | ১০০% আবেদন নির্ধারিত সময়ের সরবরাহ। |
| | | (৬)সংস্থার ভূমি উন্নয়ন কর আদায় | ৪০% কর আদায় | ৬০% কর আদায় | ৯০% কর আদায় |
| ০৪ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তির উদ্যোগ | | ১৫% মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৫ | 'ফ্যামিলি কার্ড' বিতরণ বাস্তবায়ন | | সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ বিতরণ নিশ্চিত করা | সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ বিতরণ নিশ্চিত করা | সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ বিতরণ নিশ্চিত করা |
| ০৬ | 'কৃষক কার্ড' বিতরণ বাস্তবায়ন | | সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ বিতরণ নিশ্চিত করা | সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ বিতরণ নিশ্চিত করা | সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ বিতরণ নিশ্চিত করা |
| ০৭ | ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর আওতায় দায়েরকৃত মামলা নিষ্পত্তি | (১)এক্সিকিউটিভ কোর্টের মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি |
| | | (২)অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (ADM) কোর্টের মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি | ১৫% মামলা নিষ্পত্তি |
| ০৮ | জন্ম ও মৃত্যুর নিবন্ধন নিশ্চিত করা | (১)জন্ম নিবন্ধন | ১০০% নিশ্চিত করা | ১০০% নিশ্চিত করা | ১০০% নিশ্চিত করা |
| | | (২)মৃত্যু নিবন্ধন | ৬৫%নিশ্চিত করা | ৬৫%নিশ্চিত করা | ৬৫%নিশ্চিত করা |
| ০৯ | GRS এ প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি | | ১০০% অভিযোগ নিষ্পত্তি | ১০০% অভিযোগ নিষ্পত্তি | ১০০% অভিযোগ নিষ্পত্তি |
| ১০ | নির্ধারিত সময়ের মধ্যে মাই-গভ প্ল্যাটফর্মে অনলাইন সেবা প্রদান নিশ্চিত | | ১০০% সেবা প্রদান নিশ্চিত করা | ১০০% সেবা প্রদান নিশ্চিত করা | ১০০% সেবা প্রদান নিশ্চিত করা |
| ১১ | "ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি"কর্মসূচী বাস্তবায়নে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ | | জেলার ৫০ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ | জেলার ৬০ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ | জেলার ৭০ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ |
| ১২ | নারী শিক্ষার্থীদের নিরাপদ স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করণ কার্যক্রমের আওতায় শিক্ষার্থীদের মাঝে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ | | ৫,০০০ শিক্ষার্থীকে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ প্রদান | ৭,০০০ শিক্ষার্থীকে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ প্রদান | ১০,০০০ শিক্ষার্থীকে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ প্রদান |
| ১৩ | কর্মক্ষেত্রে 'ডে-কেয়ার' ও 'ব্রেস্ট ফিডিং কর্নার' স্থাপন | | ৮টি অফিসে স্থাপন | ৮টি অফিসে স্থাপন | ৮টি অফিসে স্থাপন |
| ১৪ | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ল্যাঙ্গুয়েজ ক্লাব চালুকরণ/বিদেশী (ইংরেজি)ভাষা শিক্ষা কার্যক্রম পরিচালনা | | ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাব চালু | ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাব চালু | ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাব চালু |
| ১৫ | জেলা প্রশাসক সম্মাননা পুরস্কার প্রদান (শিক্ষা, কৃষি, ক্রীড়া, সাহিত্য,সংস্কৃতি, শিল্প, মৎস্য/প্রাণী সম্পদ উন্নয়ন এবং আইনশৃঙ্খলা) | | ৮টি ক্ষেত্রে পুরস্কার প্রদান | ৮টি ক্ষেত্রে পুরস্কার প্রদান | ৮টি ক্ষেত্রে পুরস্কার প্রদান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | দেশীয় খেলা আয়োজন | ১৩ টি খেলা আয়োজন | ১৩ টি খেলা আয়োজন | ১৩ টি খেলা আয়োজন |
| ১৭ | মাদক, বাল্যবিবাহ, যৌতুকসহ অন্যান্য সামাজিক অপরাধ নির্মূলে সচেতনতামূলক কার্যক্রমের আওতায় উঠান বৈঠক আয়োজন | ২৪ টি উঠান বৈঠক আয়োজন | ২৪ টি উঠান বৈঠক আয়োজন | ২৪ টি উঠান বৈঠক আয়োজন |
| ১৮ | স্বেচ্ছায় রক্তদানে জনগণকে উৎসাহিত করা এবং অ্যাপস এর মাধ্যমে রক্তদাতার তথ্যভান্ডার তৈরী ও তা সমৃদ্ধকরণ | একটি (১) মোবাইল অ্যাপস তৈরি ও ব্যবহার উপযোগী করা | ১০,০০০ জন স্বেচ্ছায় রক্তদাতার রেজিস্ট্রেশন করা | ১৫,০০০ জন স্বেচ্ছায় রক্তদাতার রেজিস্ট্রেশন করা |
| ১৯ | জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রদান | ১২টি প্রশিক্ষণ আয়োজন | ১২টি প্রশিক্ষণ আয়োজন | ১২টি প্রশিক্ষণ আয়োজন |
| ২০ | শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত পাঠদান নিশ্চিতে পদক্ষেপ গ্রহণ কার্যক্রমের আওতায় প্রতিষ্ঠান পরিবীক্ষণ | ২৫টি শিক্ষা প্রতিষ্ঠান পরিবীক্ষণ | ২৫টি শিক্ষা প্রতিষ্ঠান পরিবীক্ষণ | ২৫টি শিক্ষা প্রতিষ্ঠান পরিবীক্ষণ |
| ২১ | স্থানীয় সরকার ক্ষমতায়ন: (১)স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহণ | ৬টি প্রশিক্ষণ আয়োজন | ৬টি প্রশিক্ষণ আয়োজন | ৬টি প্রশিক্ষণ আয়োজন |
| | স্থানীয় সরকার ক্ষমতায়ন: (২)গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি পরিবীক্ষণ | ৬০% মামলা নিষ্পত্তি পরিবীক্ষণ | ৬০% মামলা নিষ্পত্তি পরিবীক্ষণ | ৬০% মামলা নিষ্পত্তি পরিবীক্ষণ |
| ২২ | শিশুদের জন্য বিনোদন কেন্দ্র নির্মাণ/উন্নয়নে পদক্ষেপ গ্রহণ | ৩টি বিনোদন কেন্দ্র/ পার্ক নির্মাণ/উন্নয়ন | ৩টি বিনোদন কেন্দ্র/ পার্ক নির্মাণ/উন্নয়ন | ৩টি বিনোদন কেন্দ্র/ পার্ক নির্মাণ/উন্নয়ন |
| ২৩ | বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ | ১০০ জনের মধ্যে সহায়ক উপকরণ বিতরণ | ১০০ জনের মধ্যে সহায়ক উপকরণ বিতরণ | ১০০ জনের মধ্যে সহায়ক উপকরণ বিতরণ |
| ২৪ | অডিট আপত্তি নিষ্পত্তি | ৫০% অডিট আপত্তি নিষ্পত্তি | ৫০% অডিট আপত্তি নিষ্পত্তি | ৫০% অডিট আপত্তি নিষ্পত্তি |
| ২৫ | জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৮০% সিদ্ধান্ত বাস্তবায়ন | ৮০% সিদ্ধান্ত বাস্তবায়ন | ৮০% সিদ্ধান্ত বাস্তবায়ন |
| ২৬ | অনলাইন গণশুনানি কার্যক্রম গ্রহণ | ১২টি অনলাইন গণশুনানি আয়োজন | ১৫টি অনলাইন গণশুনানি আয়োজন | ১৮টি অনলাইন গণশুনানি আয়োজন |
| ২৭ | SDG লক্ষ্যমাত্রার ০৫ নং (জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন) লক্ষ্য বাস্তবায়নে সভা আয়োজন | ১২ টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন | ১২ টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন | ১২ টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন |
| ২৮ | এ কার্যালয় কর্তৃক পূরণযোগ্য শূন্যপদে নিয়োগ/পদোন্নতি সম্পন্ন করণ | ৬০% নিয়োগ/পদোন্নতি সম্পন্ন করা | ৬০% নিয়োগ/পদোন্নতি সম্পন্ন করা | ৮০% নিয়োগ/পদোন্নতি সম্পন্ন করা |

CamScanner

## সেকশন ২

## ২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সেবা প্রদান (মান-২৬) | ০৩ | (১)ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইনে দায়েরকৃত মামলা নিষ্পত্তি | শতকরা | ৩ | ৬৯ | ৬০ |
| | ০৩ | (২)অর্পিত সম্পত্তির লিজ নবায়ন | শতকরা | ৩ | ৩৫ | ৮০ |
| | ০৩ | (৩)নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তি পরিবীক্ষণ ও মিস কেস নিষ্পত্তি পরিবীক্ষণ | শতকরা | ৪ | ৮৪ | ১০০ |
| | ০৩ | (৪)১৯৪৮ ও ১৯৮২ সালের আইন অনুযায়ী বিলম্বিত ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তি | শতকরা | ৩ | ৭ | ৭০ |
| | ০৪ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তির উদ্যোগ | শতকরা | ৪ | ১৪ | ১৫ |
| | ০৮ | (১)জন্ম নিবন্ধন নিশ্চিত করা | শতকরা | ৩ | ৬৪ | ১০০ |
| | ০৮ | (২)মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা | শতকরা | ৩ | ৬৩ | ৬৫ |
| | ১০ | নির্ধারিত সময়ের মধ্যে মাই-গভ প্ল্যাটফর্মে অনলাইন সেবা প্রদান নিশ্চিত | শতকরা | ৩ | - | ১০০ |
| উদ্ভাবন ও সংস্কার কার্যক্রম বাস্তবায়ন (মান-২৫) | ১১ | 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় প্রাথমিক বিদ্যালয়ে গাছের চারা বিতরণ | সংখ্যা | ৩ | - | ৫০ |
| | ১২ | নারী শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ | সংখ্যা | ৩ | ১৪৫০ | ৫,০০০ |
| | ১৩ | কর্মক্ষেত্রে ডে-কেয়ার ও ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন | সংখ্যা | ৩ | ৪ | ৮ |
| | ১৪ | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ল্যাঙ্গুয়েজ ক্লাব চালুকরণ | সংখ্যা | ৩ | - | ৫০ |
| | ১৫ | জেলা প্রশাসক সম্মাননা পুরস্কারপ্রদান (শিক্ষা, কৃষি, ক্রীড়া, সাহিত্য সংস্কৃতি, শিল্প, মৎস্য/প্রাণী সম্পদ উন্নয়ন এবং আইনশৃঙ্খলা) | সংখ্যা | ৩ | - | ৮ |
| | ১৬ | দেশীয় খেলা আয়োজন | সংখ্যা | ৩ | - | ১৩ |
| | ১৭ | মাদক, বাল্যবিবাহ, যৌতুকসহ অন্যান্য সামাজিক অপরাধ নির্মূলে সচেতনতা মূলক কার্যক্রম | সংখ্যা | ৩ | ৩৬ | ২৪ |
| | ১৮ | স্বেচ্ছায় রক্তদানে জনগণকে উৎসাহিত করা এবং অ্যাপস এর মাধ্যমে রক্তদাতার তথ্যভান্ডার তৈরী ও তা সমৃদ্ধকরণ | সংখ্যা | ৪ | - | ১ টি (অ্যাপস তৈরি) |

CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (মান-১৩) | ১৯ | জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৩ | ১২ | ১২ |
| | ২১ | (১)স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ আয়োজন | সংখ্যা | ৩ | ১০ | ৬ |
| | ২১ | (২)গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি পরিবীক্ষণ | শতকরা | ৩ | ৫৫ | ৬০ |
| | ২৫ | জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | শতকরা | ৪ | ৮২ | ৮০ |
| উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (মান-১৬) | ২২ | শিশুদের জন্য বিনোদন কেন্দ্র নির্মাণ/উন্নয়নে পদক্ষেপ গ্রহণ | সংখ্যা | ৩ | - | ৩ |
| | ২৩ | বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের মধ্যে সহায়ক উপকরণ বিতরণ | সংখ্যা | ৪ | ৭৩ | ১০০ |
| | ০১ | সরকারি জমি, নদী, খাল, প্রাকৃতিক জলাশয় রক্ষায় অভিযান পরিচালনা | সংখ্যা | ৩ | ৬১ | ৩০ |
| | ২৬ | অনলাইন গণশুনানি কার্যক্রম গ্রহণ | সংখ্যা | ৩ | - | ১২ |
| | ২৭ | SDG লক্ষ্যমাত্রার ০৫ (জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন) নং লক্ষ্য বাস্তবায়নে সভা আয়োজন | সংখ্যা | ৩ | - | ১২ |

## সংযোজনী-১ শব্দসংক্ষেপ

| | |
|---|---|
| GPMS | Government Performance Monitoring System |
| SDG | Sustainable Development Goals |
| GRS | Grievance Redressal System |
| ADM | Additional Distrct Magistrate |

CamScanner

## সংযোজনী-২: বিস্তারিত পরিকলপনা

| পরিকল্পনার ক্রমিক | পরিকল্পনা | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ |
| ১১ | "ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি"কর্মসূচী বাস্তবায়নে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ | প্রথম বছরে কর্মসূচির মূল লক্ষ্য হবে শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সচেতনতা সৃষ্টি এবং ৫০ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থীর হাতে অন্তত একটি করে গাছের চারা পৌছে দেওয়া। এ লক্ষ্যে বিদ্যালয় ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী ফলজ, বনজ ও ঔষধি গাছের চাহিদা নিরূপণ করে বন বিভাগ বা স্থানীয় নার্সারি থেকে মানসম্মত চারা সংগ্রহ করা হবে। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের অংশগ্রহণে উদ্বোধনী অনুষ্ঠান, বৃক্ষরোপণ দিবস এবং সচেতনতামূলক আলোচনা সভার আয়োজন করা হবে। প্রতিটি শিক্ষার্থী বিদ্যালয় অথবা নিজ বাড়ির আঙিনায় একটি চারা রোপণ করবে এবং গাছের পরিচর্যা বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। | দ্বিতীয় বছরে কর্মসূচির আওতা আরও সম্প্রসারণ করা হবে এবং নতুন ৬০ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে চারা বিতরণের পাশাপাশি প্রথম বছরে রোপিত গাছের পরিচর্যার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। অভিভাবক, স্থানীয় জনপ্রতিনিধি ও স্বেচ্ছাসেবী সংগঠনকে সম্পৃক্ত করে পরিচর্যা কার্যক্রম জোরদার করা। | তৃতীয় বছরে কর্মসূচির স্থায়িত্ব নিশ্চিত করার জন্য পূর্ববর্তী দুই বছরের কার্যক্রম মূল্যায়ন, সফল উদ্যোগসমূহ সম্প্রসারণ এবং দীর্ঘমেয়াদি পরিচর্যা পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। নতুন ৭০ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে চারা বিতরণের পাশাপাশি প্রথম বছরে রোপিত গাছের পরিচর্যার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।শিক্ষার্থীদের পরিবেশ সংরক্ষণে নেতৃত্ব দেওয়ার সুযোগ সৃষ্টি, সফল শিক্ষার্থী ও বিদ্যালয়কে সম্মাননা প্রদান এবং স্থানীয় সম্প্রদায়ের অংশগ্রহণে বৃক্ষরোপণ অভিযান পরিচালনার মাধ্যমে কর্মসূচিকে একটি স্থায়ী সামাজিক আন্দোলনে রূপ দেওয়া হবে। |
| ১২ | নারী শিক্ষার্থীদের নিরাপদ স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করণ কার্যক্রমের আওতায় শিক্ষার্থীকে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ | প্রথম বছরে জেলার/উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা) নির্বাচন করে সংশ্লিষ্ট বিদ্যালয় থেকে নারী শিক্ষার্থীর তথ্য সংগ্রহ করা হবে। স্বাস্থ্য সুরক্ষা উপকরণ হিসেবে স্যানিটারি ন্যাপকিন, সাবান, হ্যান্ডওয়াশ, প্রাথমিক স্বাস্থ্য কিট ইত্যাদি ৫,০০০ শিক্ষার্থীর মধ্যে বিতরণ করা হবে। পাশাপাশি স্বাস্থ্য বিষয়ক ওরিয়েন্টেশন সেশন আয়োজন করা হবে যেখানে মাসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা, ব্যক্তিগত পরিচ্ছন্নতা, পুষ্টি ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা তৈরি করা হবে। | দ্বিতীয় বছরে পূর্ববর্তী বছরের অভিজ্ঞতা কাজে লাগিয়ে নতুন শিক্ষা প্রতিষ্ঠান যুক্ত করা হবে এবং বিদ্যালয় থেকে নারী শিক্ষার্থীর তথ্য সংগ্রহের প্রক্রিয়া আরও সুসংগঠিত করা হবে। ৭,০০০ শিক্ষার্থীর মধ্যে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ করা হবে। ডিজিটাল মাধ্যম ব্যবহার করে নারী স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রচার করা হবে এবং অভিভাবক ও স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্ত করে সামাজিক সচেতনতা বৃদ্ধি করা হবে। | তৃতীয় বছরে প্রকল্পকে টেকসই ও দীর্ঘমেয়াদি প্রভাব সৃষ্টির দিকে নিয়ে যাওয়া হবে। বিদ্যালয়ভিত্তিক তথ্য সংগ্রহের মাধ্যমে ১০,০০০ নারী শিক্ষার্থীকে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ প্রদান করা হবে। প্রশিক্ষিত শিক্ষক ও শিক্ষার্থীদের মাধ্যমে ধারাবাহিক সচেতনতা কার্যক্রম চালু রাখা হবে। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ল্যাঙ্গুয়েজ ক্লাব চালুকরণ | প্রথম বছরে নির্বাচিত ৫০টি(পঞ্চাশ) শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষামূলকভাবে ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন করা হবে। ইংরেজি এবং প্রয়োজন অনুযায়ী অন্যান্য বিদেশি ভাষা শেখার উপযোগী কার্যক্রম, যেমন—স্পিকিং সেশন, বিতর্ক, উপস্থাপনা, গল্প বলা ও ভাষাভিত্তিক কুইজ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা। | দ্বিতীয় বছরে ল্যাঙ্গুয়েজ ক্লাবের কার্যক্রম ৬০টি(ষাট) শিক্ষা প্রতিষ্ঠানে সম্প্রসারণ করা হবে এবং শিক্ষার্থীদের নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করা হবে। আন্তঃপ্রতিষ্ঠান ভাষা প্রতিযোগিতা, বক্তৃতা, বিতর্ক, কুইজ আয়োজন করা হবে। এছাড়া ডিজিটাল শিক্ষাসামগ্রী, অনলাইন সেশন এবং স্বেচ্ছাসেবী ভাষা প্রশিক্ষকদের সম্পৃক্ততার মাধ্যমে ভাষা শিক্ষার সুযোগ আরও বিস্তৃত করা হবে। | তৃতীয় বছরে ক্লাবের কার্যক্রম ৭০টি(সত্তর) শিক্ষা প্রতিষ্ঠানে সম্প্রসারণ করা হবে। ক্লাবের কার্যক্রম নিয়মিত মূল্যায়ন, দক্ষ সদস্যদের স্বীকৃতি প্রদান করা হবে। এর মাধ্যমে শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা, নেতৃত্বের গুণাবলি, আন্তঃসাংস্কৃতিক বোঝাপড়া এবং বৈশ্বিক পরিমণ্ডলে প্রতিযোগিতার সক্ষমতা উন্নয়ন নিশ্চিত করা হবে। |
| ১৫ | জেলা প্রশাসক সম্মাননা পুরস্কারপ্রদান (শিক্ষা, কৃষি, ক্রীড়া, সাহিত্য সংস্কৃতি, শিল্প, মৎস্য/প্রাণী সম্পদ উন্নয়ন এবং আইনশৃঙ্খলা) | প্রথম বছরে “জেলা প্রশাসক সম্মাননা পুরস্কার” প্রবর্তন করা হবে এবং শিক্ষা, কৃষি, ক্রীড়া, সাহিত্য-সংস্কৃতি, শিল্প, মৎস্য/প্রাণিসম্পদ উন্নয়ন এবং আইনশৃঙ্খলা ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের জন্য একটি স্বচ্ছ নীতিমালা ও নির্বাচন প্রক্রিয়া প্রণয়ন করা হবে। উপজেলা ও জেলা পর্যায় থেকে মনোনয়ন আহ্বান, যাচাই-বাছাই কমিটি গঠন এবং নির্ধারিত মানদণ্ড অনুযায়ী যোগ্য ৮জন (আট) ব্যক্তি ও প্রতিষ্ঠানের নির্বাচন করা হবে। জেলা পর্যায়ে আনুষ্ঠানিক অনুষ্ঠানের মাধ্যমে নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মাননা স্মারক, সনদ ও পুরস্কার প্রদান করা হবে। | দ্বিতীয় বছরে সম্মাননা কার্যক্রম অব্যাহত রেখে বিভিন্ন ক্ষেত্রে ৮জন (আট) ব্যক্তি ও প্রতিষ্ঠানের অসামান্য অবদানের স্বীকৃতি প্রদান করা হবে। পুরস্কারপ্রাপ্তদের সফলতা ও উদ্ভাবনী উদ্যোগ গণমাধ্যম, সামাজিক যোগাযোগমাধ্যম এবং বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে প্রচার করা হবে, যাতে অন্যরাও নিজ নিজ ক্ষেত্রে উৎকর্ষ অর্জনে উদ্বুদ্ধ হন। | তৃতীয় বছরে জেলা প্রশাসক সম্মাননা পুরস্কারকে জেলার একটি মর্যাদাপূর্ণ ও নিয়মিত বার্ষিক আয়োজন হিসেবে প্রতিষ্ঠা করা হবে। পূর্ববর্তী বছরগুলোর অভিজ্ঞতার আলোকে নির্বাচন প্রক্রিয়া ও মূল্যায়ন পদ্ধতির উন্নয়ন, পুরস্কারের পরিধি ও প্রভাব বৃদ্ধি এবং জেলার উন্নয়নে বিশেষ অবদান রাখা ৮জন (আট) ব্যক্তি ও প্রতিষ্ঠানের ধারাবাহিক স্বীকৃতি নিশ্চিত করা হবে। এর মাধ্যমে শিক্ষা, কৃষি, ক্রীড়া, সাহিত্য-সংস্কৃতি, শিল্প, মৎস্য/প্রাণিসম্পদ উন্নয়ন এবং আইনশৃঙ্খলা খাতে উৎকর্ষের সংস্কৃতি গড়ে উঠবে এবং জেলার সার্বিক উন্নয়নে ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ আরও বেশি অবদান রাখতে উৎসাহিত হবে। |
| ১৬ | দেশীয় খেলা আয়োজন | প্রথম বছরে ১৩টি(তের) দেশীয় খেলার আয়োজনের মাধ্যমে শিক্ষার্থী ও সাধারণ জনগণের আগ্রহ সৃষ্টি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, উপজেলা ও জেলা পর্যায়ে দেশীয় খেলার প্রদর্শনী, পরিচিতিমূলক কর্মসূচি এবং প্রতিযোগিতার আয়োজন করা | দ্বিতীয় বছরে ১৩টি(তের) দেশীয় খেলার আয়োজন জেলা ও শিক্ষা প্রতিষ্ঠান, যুব সংগঠন ও স্থানীয় প্রশাসনের সমন্বয়ে আন্তঃবিদ্যালয়, আন্তঃউপজেলা ও জেলা পর্যায়ে দেশীয় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে। পাশাপাশি | তৃতীয় বছরে দেশীয় খেলাকে একটি টেকসই সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলনে পরিণত করার লক্ষ্যে জেলা পর্যায়ে দেশীয় ক্রীড়া উৎসব ও প্রতিযোগিতার আয়োজন করা হবে। নিয়মিত ক্রীড়া ক্যালেন্ডারে দেশীয় খেলাকে অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ, স্থানীয় ক্রীড়া সংগঠনগুলোর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে। হা-ডু-ডু, গোল্লাছুট, দাঁড়িয়াবান্ধা, কানামাছি, লাঠিখেলা ও অন্যান্য ঐতিহ্যবাহী খেলার নিয়মাবলি প্রচার, প্রয়োজনীয় খেলার উপকরণ সরবরাহ এবং স্থানীয় ক্রীড়া সংগঠকদের সম্পৃক্ত করে অংশগ্রহণমূলক পরিবেশ সৃষ্টি করা হবে। | বিজয়ীদের পুরস্কার ও স্বীকৃতি প্রদান এবং গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারণার মাধ্যমে দেশীয় খেলাকে জনপ্রিয় করে তোলার উদ্যোগ গ্রহণ করা হবে। | সক্ষমতা বৃদ্ধি এবং নতুন প্রজন্মের মধ্যে দেশীয় খেলার চর্চা অব্যাহত রাখতে দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হবে। এর মাধ্যমে দেশীয় খেলার সংরক্ষণ, সম্প্রসারণ এবং তরুণ সমাজকে ঐতিহ্যবাহী খেলায় উদ্বুদ্ধ করার পাশাপাশি সুস্থ, সক্রিয় ও সম্প্রীতিপূর্ণ সমাজ গঠনে অবদান রাখা হবে। |
| ১৮ | স্বেচ্ছায় রক্তদানে জনগণকে উৎসাহিত করা এবং অ্যাপস এর মাধ্যমে রক্তদাতার তথ্য সংগ্রহ ও তা সমৃদ্ধকরণ | প্রথম বছরে স্বেচ্ছায় রক্তদাতাদের নিবন্ধনের জন্য ১টি(এক) আধুনিক, নিরাপদ ও ব্যবহারবান্ধব মোবাইল অ্যাপস তৈরি ও চালু করা হবে। অ্যাপসটিতে রক্তদাতার নিবন্ধন, রক্তের গ্রুপ, অবস্থান, যোগাযোগের তথ্য, সর্বশেষ রক্তদানের তারিখ, জরুরি নোটিফিকেশন এবং অনুসন্ধান সুবিধাসহ প্রয়োজনীয় ফিচার সংযোজন করা হবে। একই সঙ্গে অ্যাপসের পরীক্ষামূলক ব্যবহার, ত্রুটি সংশোধন, ব্যবহারকারী প্রশিক্ষণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে কার্যকরভাবে অ্যাপসটি ব্যবহারের উপযোগী করা হবে। | দ্বিতীয় বছরে অ্যাপসের মাধ্যমে সারা জেলায় ১০,০০০ (দশ হাজার) স্বেচ্ছায় রক্তদাতাদের নিবন্ধন কার্যক্রম জোরদার করা হবে এবং একটি সমন্বিত ডিজিটাল রক্তদাতা তথ্যভান্ডার গড়ে তোলা হবে। জেলা ও উপজেলা পর্যায়ে প্রচারণা, নিবন্ধন ক্যাম্প এবং হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান ও স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগিতায় অধিক সংখ্যক রক্তদাতাকে অ্যাপসে অন্তর্ভুক্ত করা হবে। | তৃতীয় বছরে রক্তদাতার তথ্যভান্ডার আরও সম্প্রসারণ, হালনাগাদ ও টেকসই ব্যবস্থাপনার ওপর গুরুত্ব দেওয়া হবে। জেলা ও উপজেলায় নিবন্ধিত রক্তদাতার সংখ্যা বৃদ্ধিপূর্বক ১৫,০০০(পনের হাজার), নিষ্ক্রিয় রক্তদাতাদের পুনরায় সক্রিয়করণ, নতুন রক্তদাতা অন্তর্ভুক্তকরণ এবং তথ্যের নিরাপত্তা নিশ্চিত করা হবে। একই সঙ্গে হাসপাতাল ও রক্ত পরিসঞ্চালন সেবাদানকারী প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনের সময় দ্রুত উপযুক্ত রক্তদাতা শনাক্ত ও যোগাযোগের ব্যবস্থা নিশ্চিত করে একটি কার্যকর ডিজিটাল রক্তদাতা ডাটাবেজ প্রতিষ্ঠা করা হবে। |
| ২২ | শিশুদের জন্য বিনোদন কেন্দ্র নির্মাণ/উন্নয়নে পদক্ষেপ গ্রহণ | প্রথম বছরে জেলার বিভিন্ন এলাকায় শিশুদের জন্য নিরাপদ ও সহজপ্রাপ্য স্থান চিহ্নিত করে অগ্রাধিকারভিত্তিতে ৩টি কেন্দ্র নির্মাণ বা উন্নয়ন করা হবে। প্রতিটি কেন্দ্রে খেলার মাঠ, দোলনা, স্লাইড, ওপেন স্পোর্টস জোন এর ব্যবস্থা রাখা হবে, যাতে শিশুরা মোবাইল ও ডিভাইস থেকে দূরে থেকে আনন্দময় সময় কাটাতে পারে। একই সঙ্গে শিশুদের শারীরিক সুস্থতা নিশ্চিত করতে নিয়মিত খেলাধুলা ও ব্যায়ামভিত্তিক | দ্বিতীয় বছরে পূর্বের অভিজ্ঞতা কাজে লাগিয়ে নতুন করে আরও ৩টি কেন্দ্র স্থাপন বা উন্নয়ন করা হবে এবং প্রথম বছরের কেন্দ্রগুলোতে কার্যক্রম আরও শক্তিশালী করা হবে। শিশুদের সামাজিক বন্ধন গড়ে তুলতে দলভিত্তিক খেলাধুলা, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্লাব কার্যক্রম চালু করা হবে। অভিভাবকদের জন্য কর্মশালা আয়োজন করে শিশুদের স্ক্রিন টাইম | তৃতীয় বছরে জেলার বিভিন্ন উপজেলায় আরোও ৩টি কেন্দ্র কার্যকরভাবে পরিচালনার মাধ্যমে শিশুদের জন্য একটি বিস্তৃত বিনোদন নেটওয়ার্ক গড়ে তোলা হবে। স্থানীয় সরকার, বেসরকারি সংস্থা ও কমিউনিটির অংশগ্রহণে কেন্দ্রগুলোর দীর্ঘমেয়াদি রক্ষণাবেক্ষণ ও পরিচালনার ব্যবস্থা করা হবে। শিশুদের অংশগ্রহণমূলক কার্যক্রম (পিয়ার গ্রুপ, ক্লাব কার্যক্রম) চালু করে তাদের নেতৃত্বগুণ ও সামাজিক দক্ষতা বিকাশে গুরুত্ব দেওয়া হবে। একই সঙ্গে |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম চালু করা হবে। স্থানীয় প্রশাসন, অভিভাবক ও শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে ব্যবস্থাপনা কমিটি গঠন করে নিরাপত্তা ও শৃঙ্খলা নিশ্চিত করা হবে। | কমানো ও ইতিবাচক সামাজিক পরিবেশ তৈরির বিষয়ে দিকনির্দেশনা দেওয়া হবে। প্রতিটি কেন্দ্রে নিরাপত্তা ব্যবস্থা, পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করা হবে। | ডিজিটাল নির্ভরতা কমানোর প্রভাব মূল্যায়ন করে একটি সমাপনী প্রতিবেদন তৈরি করা হবে, যা ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে এ ধরনের উদ্যোগ গ্রহণে সহায়ক হবে। |
| ২৬ | বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের মধ্যে সহায়ক উপকরণ বিতরণ | প্রথম বছরে জেলার বিভিন্ন উপজেলায় জরিপ পরিচালনা করে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের তালিকা প্রস্তুত ও তাদের প্রয়োজনভিত্তিক শ্রেণিবিন্যাস করা হবে। এই চাহিদার ভিত্তিতে হুইল চেয়ার, ট্রাই সাইকেল (হ্যান্ড-ড্রাইভেন/মোবিলিটি ট্রাইসাইকেল) এবং ডিজিটাল সাদা ছড়িসহ প্রয়োজনীয় সহায়ক উপকরণ নির্ধারণ ও সংগ্রহ করা হবে। সংশ্লিষ্ট দপ্তর, স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান ও স্থানীয় প্রশাসনের সমন্বয়ে স্বচ্ছ পদ্ধতিতে ১০০ জন উপকারভোগীর মধ্যে এসব উপকরণ বিতরণ করা হবে। পাশাপাশি উপকরণের সঠিক ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং একটি প্রাথমিক মনিটরিং ব্যবস্থা চালু করা হবে। | দ্বিতীয় বছরে প্রথম বছরের অভিজ্ঞতা কাজে লাগিয়ে আরও ১০০ জন নতুন উপকারভোগী নির্বাচন করা হবে এবং পূর্ববর্তী উপকারভোগীদের ফলো-আপ করে প্রয়োজনে মেরামত বা প্রতিস্থাপন সহায়তা প্রদান করা হবে। হুইল চেয়ার, ট্রাই সাইকেল ও সাদা ছড়ি বিতরণের পাশাপাশি ব্যবহারকারীদের জন্য প্রশিক্ষণ ও ফিজিওথেরাপি সহায়তা অন্তর্ভুক্ত করতে উদ্বুদ্ধকরণসহ স্থানীয় হাসপাতাল, এনজিও ও স্বেচ্ছাসেবী সংগঠনের সাথে সমন্বয় জোরদার করে সেবার মান বৃদ্ধি করা হবে। | তৃতীয় বছরে আরও ১০০ জন বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তির মধ্যে হুইল চেয়ার, ট্রাই সাইকেল ও সাদা ছড়ি বিতরণ করে মোট ৩০০ জনকে সেবার আওতায় আনা হবে। এই উদ্যোগটি দীর্ঘমেয়াদি ও টেকসই করতে স্থানীয় সরকার ও কমিউনিটির অংশগ্রহণে একটি সমন্বিত সহায়তা কাঠামো গড়ে তোলা হবে, যাতে উপকারভোগীরা নিয়মিত সেবা, মেরামত ও পরামর্শ পেতে পারেন। পাশাপাশি তাদের সামাজিক অন্তর্ভুক্তি ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য দক্ষতা উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ২৭ | SDG লক্ষ্যমাত্রার ০৫ নং (জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন) লক্ষ্য বাস্তবায়নে সভা আয়োজন | প্রথম বছরে জেলার বিভিন্ন বিদ্যালয় ও কমিউনিটি পর্যায়ে প্রতি মাসে ১টি করে মোট ১২টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হবে। এসব সভায় নারী অধিকার, বাল্যবিবাহ প্রতিরোধ, শিক্ষা গ্রহণের গুরুত্ব এবং জেন্ডার সমতা বিষয়ে সচেতনতা সৃষ্টি করা হবে। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সম্পৃক্ত করে একটি অংশগ্রহণমূলক পরিবেশ তৈরি করা হবে এবং সভার মাধ্যমে প্রাথমিক সচেতনতার ভিত্তি গড়ে তোলা হবে। | দ্বিতীয় বছরে একইভাবে প্রতি মাসে ১টি করে মোট ১২টি সভা আয়োজন অব্যাহত রাখা হবে, তবে সভার মান ও বিষয়বস্তুর উন্নয়ন করা হবে। নারী শিক্ষা, কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ, সমান অধিকার এবং আত্মনির্ভরশীলতা বিষয়ে বিস্তারিত আলোচনা অন্তর্ভুক্ত করা হবে। সফল নারী ব্যক্তিত্বদের অভিজ্ঞতা শেয়ার এবং বিভিন্ন সচেতনতামূলক উপকরণ ব্যবহারের মাধ্যমে সভাগুলোকে আরও কার্যকর করা হবে। | তৃতীয় বছরে প্রতি মাসে ১টি করে মোট ১২টি সভা আয়োজন করা হবে। সভাগুলোতে নারী নেতৃত্ব বিকাশ, কর্মসংস্থানের সুযোগ এবং সামাজিক বাধা দূর করার বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। পূর্ববর্তী বছরগুলোর অভিজ্ঞতা কাজে লাগিয়ে আলোচনা আরও বাস্তবমুখী করা হবে এবং নারী অধিকার সচেতনতা, শিক্ষা ও কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধির বিষয়গুলোকে আরও জোরদার করা হবে। |

CamScanner

## সংযোজনী-৩: কর্মসম্পাদনের প্রমাণক

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ০১ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তির উদ্যোগ | মাসিক ও বার্ষিক প্রতিবেদন |
| ০২ | ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইনে দায়েরকৃত মামলা নিষ্পত্তি | নিষ্পত্তি রেজিস্টার এর কপি |
| ০৩ | অর্পিত সম্পত্তির লিজ নবায়ন | রেজিস্টার এর কপি |
| ০৪ | নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তি পরিবীক্ষণ ও মিস কেস নিষ্পত্তি পরিবীক্ষণ | ই-নামজ্যার সিস্টেম জেনারেটেড নামজারি মামলার তালিকা এবং কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সামারি শিট। |
| ০৫ | ১৯৪৮ ও ১৯৮২ সালের আইন অনুযায়ী বিলম্বিত ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তি | বাংলাদেশ গেজেটে প্রকাশিত বিজ্ঞপ্তির কপি বা বিজি প্রেসের ওয়েব লিংক এবং সংশ্লিষ্ট নথি নিষ্পত্তির অফিস আদেশ। |
| ০৬ | জন্ম নিবন্ধন নিশ্চিত করা | মাসিক প্রতিবেদন |
| ০৭ | মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা | মাসিক প্রতিবেদন |
| ০৮ | নির্ধারিত সময়ের মধ্যে মাই-গভ প্ল্যাটফর্মে অনলাইন সেবা প্রদান নিশ্চিত | সিস্টেম জেনারেটেড প্রতিবেদন এবং কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সামারি শিট। |
| ০৯ | ‘ওয়ান চাইল্ড ওয়ান ট্রি’ কর্মসূচির আওতায় বৃক্ষরোপণ | গাছের চারা বিতরণের ছবি |
| ১০ | নারী শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ | উপকরণ বিতরণ ছবি |
| ১১ | কর্মক্ষেত্রে ডে-কেয়ার ও ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন | স্থিরচিত্র |
| ১২ | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ল্যাঙ্গুয়েজ ক্লাব চালুকরণ | স্থিরচিত্র |
| ১৩ | জেলা প্রশাসক সম্মাননা পুরস্কার প্রদান (শিক্ষা, কৃষি, ক্রীড়া, সাহিত্য সংস্কৃতি, শিল্প, মৎস্য/প্রাণী সম্পদ উন্নয়ন এবং আইনশৃঙ্খলা) | পুরস্কার মনোনয়নের বিজ্ঞপ্তি এবং স্থিরচিত্র |
| ১৪ | দেশীয় খেলা আয়োজন | খেলা আয়োজনের নোটিশ এবং স্থিরচিত্র |
| ১৫ | মাদক, বাল্যবিবাহ, যৌতুকসহ অন্যান্য সামাজিক অপরাধ নির্মূলে সচেতনতা মূলক কার্যক্রম | স্থিরচিত্র ও হাজিরা শিট |
| ১৬ | স্বেচ্ছায় রক্তদানে জনগণকে উৎসাহিত করা এবং অ্যাপস এর মাধ্যমে রক্তদাতার তথ্য সংগ্রহ ও তা সমৃদ্ধকরণ | অ্যাপসের লিংক |
| ১৭ | জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ সমসূচি, হাজিরা শিট, প্রশিক্ষণ আয়োজনের ছবি |
| ১৮ | জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সভার সিদ্ধান্ত বাস্তবায়ন-সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন। |
| ১৯ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের স্থিরচিত্র, কার্যবিবরণী ও হাজিরা শিট |
| ২০ | গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি পরিবীক্ষণ | মাসিক প্রতিবেদন এবং পরিবীক্ষণ প্রতিবেদন |
| ২১ | শিশুদের জন্য বিনোদন কেন্দ্র নির্মাণ/উন্নয়ন | বিনোদন কেন্দের স্থিরচিত্র |
| ২২ | বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের মধ্যে সহায়ক উপকরণ বিতরণ | উপকরণ বিতরণের স্থিরচিত্র |
| ২৩ | সরকারি জমি, নদী, খাল, প্রাকৃতিক জলাশয় রক্ষায় অভিযান পরিচালনা | অভিযানের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ২৪ | অনলাইন গণশুনানি কার্যক্রম গ্রহণ | স্থিরচিত্র |
| ২৫ | SDG লক্ষ্যমাত্রার ০৫ নং (জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন) লক্ষ্য বাস্তবায়নে সভা আয়োজন | সভা আয়োজনের ছবি |

CamScanner

## সংযোজনী-৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ০১ | নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তি পরিবীক্ষণ ও মিস কেস নিষ্পত্তি পরিবীক্ষণ | সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ, পত্র যোগাযোগ ও অফিস পরিদর্শন |
| ০২ | সরকারি জমি, নদী, খাল, প্রাকৃতিক জলাশয় রক্ষায় অভিযান পরিচালনা | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ পত্র যোগাযোগ ও নিয়মিত অভিযান পরিচালনা |
| ০৩ | জন্ম নিবন্ধন নিশ্চিত করা | ইউনিয়ন পরিষদ ও পৌরসভা (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ, পত্র যোগাযোগ ও ওয়েবসাইট মনিটরিং |
| ০৪ | মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা | ইউনিয়ন পরিষদ ও পৌরসভা (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ, পত্র যোগাযোগ ও ওয়েবসাইট মনিটরিং |
| ০৫ | 'ওয়ান চাইল্ড ওয়ান ট্রি' কর্মসূচির আওতায় প্রাথমিক বিদ্যালয়ে গাছের চারা বিতরণ | বন বিভাগ, প্রাথমিক শিক্ষা অফিস ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ০৬ | নারী শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ০৭ | কর্মক্ষেত্রে "ডে-কেয়ার ও ব্রেস্ট ফিডিং কর্ণার" স্থাপন | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ০৮ | জেলা প্রশাসক সম্মাননা পুরস্কার প্রদান (শিক্ষা, কৃষি, ক্রীড়া, সাহিত্য সংস্কৃতি, শিল্প, মৎস্য/প্রাণী সম্পদ উন্নয়ন এবং আইনশৃঙ্খলা) | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও সংশ্লিষ্ট দপ্তরসমূহ | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ ও বিশেষ সভা আয়োজন |
| ০৯ | দেশীয় খেলা আয়োজন | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও জেলা ক্রীড়া অফিস | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ১০ | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ল্যাঙ্গুয়েজ ক্লাব চালকরণ | জেলা শিক্ষা অফিস ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ১১ | মাদক, বাল্যবিবাহ, যৌতুকসহ অন্যান্য সামাজিক অপরাধ নির্মূলে সচেতনতা মূলক কার্যক্রম | মাদক অধিদপ্তর, মহিলা অধিদপ্তর, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ১২ | স্বেচ্ছায় রক্তদানে জনগণকে উৎসাহিত করা এবং অ্যাপস এর মাধ্যমে রক্তদাতার তথ্য সংগ্রহ ও তা সমৃদ্ধকরণ | জেলা পরিষদ, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ১৩ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ আয়োজন | ইউনিয়ন পরিষদ, পৌরসভা (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ, পত্র যোগাযোগ ও নিয়মিত প্রশিক্ষণ আয়োজন |
| ১৪ | গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি পরিবীক্ষণ | ইউনিয়ন পরিষদ (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ, পত্র যোগাযোগ ও অফিস পরিদর্শন |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৫ | জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সংশ্লিষ্ট সরকারি অফিসমূহ | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ১৬ | শিশুদের জন্য বিনোদন কেন্দ্র নির্মাণ/উন্নয়নে পদক্ষেপ গ্রহণ | জেলা পরিষদ, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল), পৌরসভা (সকল) ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ১৭ | বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের মধ্যে সহায়ক উপকরণ বিতরণ | জেলা পরিষদ, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও পৌরসভা (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ ও পত্র যোগাযোগ |
| ১৮ | SDG লক্ষ্যমাত্রার ০৫ নং (জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন) লক্ষ্য বাস্তবায়নে সভা আয়োজন | মহিলা অধিদপ্তর, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল) ও পৌরসভা (সকল) | সমন্বিত কর্মসূচি গ্রহণ ,পত্র যোগাযোগ ও উঠান বৈঠক |

৩০/০৬/২৫

মোঃ মোবারক হোসেন
সহকারী কমিশনার এবং
বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
(GPMS) টিম,
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।

৩০/৬/২৫

প্রসেন জিৎ দাস
সহকারী কমিশনার এবং
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
(GPMS) টিম,
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।

৩০/০৬/২৫

নুজহাত তাসনীম আওন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং
টিম লিডার
(GPMS) টিম,
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।

CamScanner